

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

০৪ মার্চ ২০১৮

বিশিষ্ট চিন্তাবিদ অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবালের ওপর নৃশংস হামলাঃ হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে প্রকাশ্যে, আইন-শৃঙ্খলা বাহিনীর উপস্থিতিতে অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবালের ওপর নৃশংস ও বর্বোরোচিত হামলার ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ প্রকাশ করছে। পাশপাশি আইনানুগ প্রক্রিয়ায় জড়িতদের কঠোর শাস্তি প্রদানের জোর দাবী জানাচ্ছে।

গণমাধ্যম সূত্রে জানা যায়, গত ৩ মার্চ ২০১৮ সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ফেস্টিভাল চলাকালে ওই অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল ক্যাম্পাসের মুক্তক্ষেত্র অবস্থান করছিলেন। সেসময় দুর্বৃত্তকারী পেছন থেকে তার ওপর হামলা চালায়। হামলায় তিনি মাথায়, হাত ও পিঠে আঘাতপ্রাপ্ত হন এবং তার প্রচুর রক্তক্ষরণ হয়। প্রাথমিকভাবে তাকে সিলেট ওসমানী মেডিকলে নেয়া হলেও পরবর্তীতে ঢাকায় সম্মিলিত সামরিক হাসপাতালে স্থানান্তর করা হয়।

এইচআরএফবি অত্যন্ত উদ্বেগের সাথে গত কয়েক বছর ধরে মুক্তচিন্তার ধারকদের ওপর রীতিমত প্রকাশ্যে ঘোষণা দিয়ে কথিত তালিকা অনুযায়ী পরিচালিত এমন বর্বোরোচিত হামলা প্রত্যক্ষ করে আসছে। বিভিন্ন উগ্রপন্থী গোষ্ঠীগুলো এসব হামলার দায় স্বীকার করে নিলেও তাদের আইনের আওতায় এনে যথোপযুক্ত শাস্তি প্রদানের দৃষ্টান্ত আমরা প্রত্যক্ষ করি না, যা এমন হামলার পুনরাবৃত্তি ঘটানোর সুযোগ করে দিচ্ছে। ড. জাফর ইকবালের মতো মুক্তচিন্তার ধারক ও বাহক, তরুণ প্রজন্মের পথপ্রদর্শক এবং বিজ্ঞানমনস্ক জাতিগঠনের প্রচেষ্টার অন্যতম প্রধান অগ্রদূতের ওপর এমন নৃশংস হামলার তীব্র প্রতিবাদ জানাই আমরা। আমরা ক্ষুব্ধ, স্তম্ভিত। আমরা জানি, যুদ্ধাপরাধীদের বিচারের দাবিতে এবং ধর্মাত্ম রাজনীতির বিরুদ্ধে অবস্থানের কারণে গত কয়েক দশক ধরে তিনি উগ্রপন্থীদের রোষের শিকার হয়েছেন এবং বিভিন্ন সময় তাঁর ওপর আক্রমণের হুমকিও দেয়া হয়েছে। এসব হুমকির প্রেক্ষিতে অক্টোবর, ২০১৬ থেকে তার জন্য পুলিশ পাহারার ব্যবস্থা করা হয়। কিন্তু তারপরেও আমরা দেখি পুলিশের উপস্থিতিতেই জনসমাগমস্থলে তার ওপর হামলা করা হয়েছে।

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) মনে করে, এ ধরনের হামলা এবং জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে কর্তৃপক্ষের ব্যর্থতা দেশে মুক্তবুদ্ধি চর্চার পথ রুদ্ধ করে দিচ্ছে, যা জাতি হিসেবে আমাদের অন্ধকার আর অজ্ঞতার দিকে ঠেলে দিচ্ছে। ফোরাম সদস্যগণ কর্তৃপক্ষকে অত্যন্ত দ্রুততার সাথে এ হামলার সাথে জড়িতদের বিরুদ্ধে সুষ্ঠু তদন্ত সাপেক্ষে কঠোর শাস্তি নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে। এছাড়া ড. জাফর ইকবালসহ অন্যান্য লেখক-চিন্তাবিদদের নিরাপত্তা আরো জোরদার করার জন্য আহবান জানাচ্ছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)

Individual Experts: Dr. Hameeda Hossain, Advocate Sultana Kamal, Raja Devasish Roy